THE CITY OF NEW YORK

11 এপ্রিল, 2020

প্রিয় পরিবারবর্গ:

এক মাসেরও কম দিন আগে আমরা একসাথে মিলিত হয়েছিলাম এবং দেশের মধ্যে সবচেয়ে বড় স্কুল ব্যবস্থাকে রূপান্তরিত করা শুরু করেছিলাম। আমরা COVID-19-এর বিরুদ্ধে যে যুদ্ধ শুরু করেছিলাম, সে যুদ্ধ শিক্ষার্থী ও স্কুল স্টাফদের জন্য আমাদের স্কুল ভবনগুলো বন্ধ করা, দূর থেকে শিক্ষাদান ও বাড়িতে থেকে পড়াশুনা করা, এবং নিরাপত্তা বজায় রাখার জন্য একে অপর থেকে দূরত্ব বজায় রাখা ছাড়া অন্য কোনো উপায় রাখেনি।

এখন আমরা আরেকটি বেদনাদায়ক সিদ্ধান্তের মুখোমুখী হয়েছি। ভাইরাসটির গতিপ্রকৃতি সম্পর্কে জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের সাথে, এবং বছরের অবশিষ্ট দিনগুলোতে অব্যাহত বাধাবিপত্তির আশঙ্কা নিয়ে শিক্ষকসমাজের সাথে আলোচনার পর, আমরা সিদ্ধান্ত নিয়েছি যে, নিউ ইয়র্ক সিটির স্কুল ভবনগুলো 2019-2020 শিক্ষা বছরে আর খোলা হবে না। শিক্ষক ও শিক্ষার্থীগণ শিক্ষা বছর সমাপ্ত করবে দূর থেকে শিক্ষার মাধ্যমে। আমরা আমাদের 400+ স্কুলভিত্তিক মিল হাবস্ (খাদ্য বিতরণ কেন্দ্র) পরিচালনা অব্যাহত রাখবো, যা অভাবগ্রস্থ নিউ ইয়র্কবাসীদের দৈনিক তিন বেলার খাবার পরিবেশন করছে, এবং আমরা অত্যাবশ্যকীয় পেশায় নিয়োজিত কর্মীদের ছেলেমেয়েদের তত্ত্বাবধানের ব্যবস্থা নিশ্চিত করবো।

এটা অত্যন্ত বেদনাদায়ক সিদ্ধান্ত হলেও তা গ্রহণ করতে হয়েছে দুটো কারণে। প্রথমত, জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা নিশ্চিত করেছেন যে, COVID-19-এর সামাজিক সংক্রমণ শিক্ষা বছরের প্রায় শেষাবধি পর্যন্ত ব্যাপক বিস্তৃত থাকবে। নিম্ন পর্যায়ের সংক্রমণের ক্ষেত্রেও কিছু নতুন আক্রান্তদের পেতে পারি, যা স্কুলে স্কুলে সীমিত রাখা দূরূহ হতে পারে। আমরা বিশ্বাস করি, আমাদের শিক্ষার্থীদের ফিরিয়ে আনার পর্যাপ্ত সময় না-ও থাকতে পারে।

দ্বিতীয়ত, পরিবারের জন্য কার্যকর পরিকল্পনা তৈরির ক্ষেত্রে ভবিষ্যত সম্পর্কে কিছুটা অনুমান করতে সক্ষম হওয়াটা পিতামাতা হিসেবে যে কতোটা গুরুত্বপূর্ণ, আমরা সেটা জানি। এই দুর্যোগটি আমাদের সবাইকে ভীষণভাবে আঘাত করছে। তবে আমরা আশাবাদী যে এই নিশ্চয়তাজ্ঞাপক ধারণা অধিক স্থিতিশীলতার এবং আমাদের কাজে ও গার্হস্থ্য জীবনে উন্নততর পরিকল্পনা করার সক্ষমতা দেবে।

আমরা জানি যে এটা 1.1 মিলিয়ন শিক্ষার্থী এবং 150,000 স্টাফ, যাদের নিয়ে নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো গঠিত, তাদের উপর বিশাল প্রভাব রাখবে। তবে আমাদের স্কুল কমিউনিটির সবাই যে অনন্যসাধারণ পন্থায় এই চ্যালেঞ্জ মোকাবেলায় এগিয়ে এসেছে, সেটা আমাদেরকে উৎসাহিত করেছে। আমরা প্রতিদিন দেখছি, আপনারা – শিক্ষার্থী, পরিবার, এবং নিবেদিত স্টাফগণ, আমাদের পাবলিক স্কুলগুলোতে পরিষেবা দিচ্ছেন এবং সহায়তা করছেন – সকল সমস্যার বিপরীতে শিক্ষা প্রক্রিয়া নিশ্চিতভাবে চলমান রাখতে আপনারা সকল সার্ভিসের সাথে সংযোগ রক্ষায় সাধ্য-অসাধ্য সবই করছেন। এছাড়াও আমরা জানি যে, এই গুরুদায়িত্ব অব্যাহতভাবে পালনে আপনাদের সাহায্য প্রয়োজন হবে।
সেজন্য আমরা যখন স্কুল ভবনগুলো শিক্ষা বছরের শেষ অবধি বন্ধের মেয়াদ দীর্ঘায়িত করছি, তখন আমরা আপনাদের কাছে নিম্নলিখিত প্রতিশ্রুতি দিচ্ছি:

1. **যেসব শিক্ষার্থী একটি ইন্টারনেট-সংযোগসহ ডিভাইসের অনুরোধ জানিয়েছেন, তাদের প্রত্যেকে এপ্রিলের শেষ দিকে একটি করে ডিভাইস পাবে।** কোনো শিক্ষার্থীই শিক্ষার জন্য আবশ্যিক উপকরণ ছাড়া থাকবে না। আমরা ইতোমধ্যে বিভিন্ন শেল্টার ও অস্থায়ী আবাসনে থাকা শিক্ষার্থীসহ অধিক চাহিদাসম্পন্নদের কাছে দশ হাজার ডিভাইস বিতরণ করেছি। আমাদের সকল ছেলেমেয়ের মধ্যে বিদ্যমান ডিজিটাল ব্যবধান আমরা অপসারণের প্রতিশ্রুতি দিচ্ছি। আপনার এখনও একটি ডিভাইসের প্রয়োজন হলে রিমোট লার্নিং ডিভাইস রিকোয়েস্ট ফর্ম (দূর থেকে শেখার ডিভাইসের অনুরোধ ফর্ম) পুরণ করুন schools.nyc.gov, ওয়েবসাইটে বা 311 নম্বরে ফোন করে।

2. **আমরা নিশ্চিত করবো যাতে পিতামাতারা দূর থেকে শিক্ষা সম্পর্ক প্রশ্ন করতে পারেন ও উত্তর লাভ করেন।** আমরা জানি আপনার এমন একজনের কাছে যাওয়া প্রয়োজন যিনি বর্তমানের শিক্ষা সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর দেবেন—সামাজিক-মানসিক সহায়তা

থেকে শুরু করে প্রাতিষ্ঠানিক সহায়তা, গ্র্যাজুয়েশনের শর্তাবলী পর্যন্ত সকল প্রশ্নের।

আপনাদের স্কুল সব সময় আপনাদের সহায়তা প্রদানের জন্য প্রস্তুত ও সক্ষম, এবং আমরা এটাও নিশ্চিত করবো যে, অব্যাহতভাবে আমাদের দূরবর্তী পরিবেশ বজায় রাখার সাথে সাথে বাড়তি সহায়তারও ব্যবস্থা থাকবে। এর অর্থ হলো আমাদের পিতামাতাদের হটলাইনের কার্যকাল ও জনশক্তি বৃদ্ধি করা যাতে আপনারা প্রয়োজনীয় প্রশ্নের উত্তর পেতে পারেন। সঠিক DOE সহায়তাকারীর সংযোগ পেতে 311 নম্বরে ফোন করুন।

3. **বাড়িতে পরিবারগুলোকে শিক্ষা প্রক্রিয়ায় নিয়োজিত রাখার জন্য আমরা শিক্ষানির্দেশনা উপকরণ, সমৃদ্ধিমূলক প্রোগ্রাম, এবং শিক্ষার্থীর জন্য সহায়তার ক্ষেত্রগুলোতে বিনিয়োগ অব্যাহত রাখবো।** শিক্ষা বছরব্যাপী আমরা যখন আরও অগ্রসর হচ্ছি, আমাদের শিক্ষার্থীদের প্রয়োজন ও তাদের অধিকার হলো উন্নত, শক্তিশালী প্রোগ্রাম এবং দূর থেকে শিক্ষার সুযোগ লাভ করা, এবং আমরা তাদেরকে সেটা দেওয়া অব্যাহত রাখবো। এর অন্তর্ভুক্ত আছে আপনাদের শিক্ষক ও স্কুলের দেওয়া শিক্ষা উপকরণ, তবে এটা আরও অন্তর্ভুক্ত করে বিশ্বমানের সাংস্কৃতিক প্রতিষ্ঠান, লাইব্রেরি, মিউজিয়াম, পার্ক, এবং খোদ নিউ ইয়র্ক সিটির কাছ থেকে পাওয়া গঠনমূলক ও বিনোদনমূলক উপকরণ।

4. **আমরা নিশ্চিত করবো যাতে সকল হাই স্কুল সিনিয়র গ্র্যাজুয়েশনের জন্য সহায়তা পায়।** আমরা সকল সিনিয়রকে 1:1 কাউন্সেলিং সহায়তা প্রদান করবো, শিক্ষার্থী ঠিকভাবে এগোচ্ছে কি না, সেটা বুঝার জন্য স্কুল ও পরিবার ঘনিষ্ঠভাবে কাজ করবে—এবং যদি ঠিকভাবে না এগোয়, তাহলে তাদেরকে শোধরানর জন্য সহায়তালাভের সুযোগ দেবো। প্রতিটি হাই স্কুলের গাইডেন্স কাউন্সিলরগণ সকল সিনিয়রের সাথে যোগাযোগ করবেন যাতে নিশ্চিত হওয়া যায় যে তারা গ্র্যাজুয়েশনের পথে এগোচ্ছে।

5. **সেপ্টেম্বরে আমরা সকল সময়ের চাইতে দৃঢ় হয়ে পুনরায় স্কুল খুলবো,** আমাদের ভবনগুলোর নিরাপত্তা এবং যে কোনো শিক্ষাগত ক্ষতি মোকাবেলার জন্য প্রয়োজনীয় উপকরণের আয়োজন নিশ্চিত করবো এবং আমাদের শিক্ষার্থী, পরিবার, এবং শিক্ষকদের মানসিক সহায়তা দেবো, যা শিক্ষাপ্রক্রিয়া পুনর্বহালের এবং আমাদের কমিউনিটির সাথে পুনরায় সংযুক্তির জন্য প্রয়োজন।

এসবের কোনো কিছুই সহজ নয়। এই প্রশাসনের বিগত ছয় বছরের জন্য পাবলিক স্কুলগুলো বৈষম্যের বিরুদ্ধে আমাদের সংগ্রামের ক্ষেত্র হিসেবে কাজ করেছে। সেগুলো হলো আমরা কীভাবে বর্ধিত সুযোগ প্রদান করতে পেরেছি, এবং আমাদের স্কুলগুলো কমিউনিটির যে বাস্তব ধারণা দেয়, তার ক্ষতি সম্পর্কে আমরা বাড়িয়ে বলতে পারবো না। তবে এটি জীবন রক্ষার সাথে সম্পর্কিত।

আমরা অত্যন্ত কৃতজ্ঞ আপনাদের নমনীয়তা ধৈর্যের জন্য; আমরা জানি আপনাদের সন্তানদেরকে বাড়িতে লেখাপড়ায় সহায়তা দেওয়ার জন্য আপনারা প্রত্যেকে কী কঠিন পরিশ্রম করেছেন। এবং এই অভাবিত সময়ে আমরা আপনাদের সহায়তা দেওয়া এবং শিক্ষা প্রক্রিয়া চালু রাখা, উভয়টির জন্য আমাদের সকল প্রচেষ্টা অব্যাহত রাখবো।

আমরা অব্যাহতভাবে আপনাদের হালনাগাদ রাখবো। স্মরণ করিয়ে দিচ্ছি যে, আপনারা আরও তথ্য বা শিক্ষা বছরের অবশিষ্ট দিনগুলোর জন্য আমাদের পরিকল্পনা সম্পর্কে হালনাগাদ সংবাদের জন্য যে কোনো সময় DOE-এর ওয়েবসাইট schools.nyc.gov দেখতে পারেন।

বিনীত,





বিল ডি ব্লাজিও (Bill de Blasio)
মেয়র

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন